# দিঘলিয়া উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-৮)

সভাপতি : আরিফুল ইসলাম
প্রশাসক,
উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৩ জানুয়ারি ২০২৫,বৃহস্পতিবার

সময় : দুপুর ১২:৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত ডিসেম্বর/২০২৪, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | ডিসেম্বর/২০২৪ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২ | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: ডিসেম্বর/২০২৪ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়-/-<br>মোট ব্যয়- /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায় ২৫ (পঁচিশ) জন সুফলভোগীকে ০২ (দুই) দিন ব্যাপী প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এলডিডিপি প্রকল্পের আওতায় প্রডিউসার গ্রুপের ৪০ (চল্লিশ) জন খামারীদেরকে ০১ (এক) দিনের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়াও সমতল ভূমিতে বসবাসরত অনাগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আত্ম-সামাজিক ও জীবনমানউন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ০৫ জন সুফলভোগীকে ১০০ টি মুরগী বিতরণ করা হয়েছে। এই প্রকল্পের আওতায় ১০ (দশ) জন | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি নীতিমালা অনুসরন পূর্বক দাপ্তরিক কাজ পরিচালনাসহ প্রকৃত সুফলভোগি নির্বাচনের মাধ্যমে তাদেরকে যথাযথ প্রশিক্ষন প্রদান ও উপকরণ বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | খামারীর মাঝে ৪২০ কেজি হাঁস ও মুরগীর খাবার বিতরণ করা হয়েছে। ভ্যাক্সিন, কৃত্রিম প্রজনন, উঠান বৈঠক, চিকিৎসা কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। উল্লেখ্য যে, অত্র দপ্তরের তৃতীয় তলায় ট্রেনিং রুমে যৌথ বাহিনী গত অক্টোবর/২০২৪ হতে অবস্থান করায় অত্র দপ্তরে পরিস্কার পরিচ্ছন্নতা রক্ষার স্বার্থে উপজেলা পরিষদ হতে শুস্ক ও ভেজা বর্জ্য/আবর্জনা ফেলার জন্য ডাষ্টবিন সরবরাহ করার বিষয়টি সভায় উপস্থাপন করেন। | | |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, হাসপাতালের গেটে পড়ে থাকা বটগাছটি দ্রুত নিলাম প্রক্রিয়ার মাধ্যমে বিক্রয় করে অপসারন করার জন্য তিনি সভায় অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান দিঘলিয়া ইউনিয়ন পরিষদকে নিলাম প্রক্রিয়ার মাধ্যমে উক্ত পরে থাকা গাছ বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা দিঘলিয়া, খুলনা। |
| ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, অত্র উপজেলায় মোট দম্পতি ৯৪,৬৪১ জন পরিবার পরিকল্পনা পদ্ধতির মোট গ্রহনকারী ৭৪,৯৪৭ জন সি,এ,আর ৮২.৩১% ইমপ্লান্ট গ্রহনকারী ৫৩ জন, আইইউডি গ্রহনকারী ২৫ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ১ জন, স্থায়ী পদ্ধতি (মহিলা) ৩৬ জন। প্রসব সেবা ৮ জন। পরিবার পরিকল্পনা বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। কর্মকর্তা আরোও জানান যে বিশেষ সেবা সপ্তাহ চলছে ১৮ জানুয়ারি থেকে ২৩ জানুয়ারি২০২৫ তারিখ পর্যন্ত। বিশেষ সেবা সপ্তাহ ১৮ থেকে ২২ জানুয়ারি পর্যন্ত অর্জন সন্তোষ জনক হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি অফিসার জানান যে, জানুয়ারি২৫ মাসে পার্টনার প্রকল্পে ০৮টি কৃষক মাঠ স্কুল (প্রতি স্কুলে ২৫ জন কৃষক/কৃষানী) চলমান অবস্থায় আছে। রবি মৌসুমে ২০২৪-২৫ অর্থবছরে কৃষি প্রণোদনার আওতায় কৃষকদের মাঝে ৩,২০০ বিঘার হাইব্রিড বোরো ধানের বীজ বিতরণ করা হয়েছে। তিনি আরো বলেন ব্রহ্মগাতী ব্লকে, দাসপাড়ায় ৫০ একর জমিতে সমলয় রাইস ট্রান্সপ্লান্টার এর মাধ্যমে চারা রোপন করা হয়েছে রোপনকৃত ধানের অবস্থা ভাল। অত্র উপজেলায় নতুন জাতের বিনা বাদাম-৪ জাতের সম্প্রসারণ করার জন্য বিনা, গাজীপুর হতে বীজ ক্রয় করে কৃষকের হাতে দেওয়া হয়েছে। কৃষি অফিসের সীড স্টোরগুলো অবৈধভাবে কিছু অংশ দুবৃত্তরা দখল করে আছে, বিধায় সভায় উপজেলা কৃষি অফিসার, জানান। উপজেলা প্রশাসনের মাধ্যমে তাদের উচ্ছেদ করে কাটাতারের ব্যবস্থা করে বাউন্ডারি করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে রবি মৌসুমে পার্টনার প্রকল্পের মাধ্যমে মাঠ স্কুলের দ্রুত ব্যবস্থা করে কৃষক/কৃষানীদের সঠিক নিয়ম কানুন প্রশিক্ষন প্রদান করে কৃষকের উন্নতি সাধন করাসহ অবৈধভাবে সীড স্টোরগুলোর দখলদারিত্র উচ্ছেদ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন, ও অফিসার ইন-চার্জ দিঘলিয়া, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য অফিসার জানান যে, মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী কম্বিং অপারেশন পরিচালনা করার নির্দেশ মতে গত ২২/০১/২০২৫ খ্রি: সাগুরিয়া খালে অভিযান কালে ১০ টি চায়না দুয়ারী জাল উত্তোলন করাসহ আরো জাল উদ্ধার করা হয়েছে। তিনি বলেন চায়না দুয়ারী জালের ক্ষতিকর দিক সম্পর্কে সকলকে অবহিত করা এবং এ ব্যাপারে সকল জন প্রতিনিধিদেরকে সহযোগীতা প্রদানের জন্য বলেন। তিনি আরো বলেন দিঘলিয়া ইউনিয়নের ৬ কিলোমিটার খাল খনন কাজ শুরু হয়েছে। এ বিষয়ে সকলকে সার্বিক সহযোগীতা প্রদান করার আহবান জানান। তিনি আরো বলেন। তিনি আরো বলেন কম্বিং অপারেশন-৪ টি ধাপে অবৈধ জাল উচ্ছেদ অভিযান চলছে। ০৪টি ধাপের মধ্যে ইতোমধ্যে ০২ টি ধাপে ২০ টি চায়না দুয়ারী জাল ০৪ টি চর ঘেরা জাল এবং ১২০০ মিটার কারেন্ট জাল জব্দ করে ধ্বংস করা হয়েছে। তিনি আরো বলেন সাসটেইনবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রকল্প এর আওতায় নাগকাটি ও দোহার খাল পুনঃখননের কাজ চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী কম্বিং অপারেশন পরিচালনাসহ নাগকাটি ও দোহার খাল পুনঃ খননের কাজে সকলকে সার্বিক সহযোগিতা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, যুব উন্নয়ন অফিস – অত্র কার্যালয়ে ২০২৪-২০২৫ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্য মাত্রা অনুযায়ী যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হবে। বাজেট অনুযায়ী চলতি মাসে ০২টি ব্যাচে ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য জেলা কার্যালয়ের বিভিন্ন ট্রেডের বিজ্ঞপ্তি দেয়া হয়েছে এবং বিজ্ঞপ্তি মোতাবেক বিভিন্ন ট্রেডে যুবরা প্রশিক্ষণে অংশগ্রহণ করছে। যুব ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অনুযায়ী ( ইমপ্যাক্ট প্রকল্পের) প্রশিক্ষণ প্রাপ্ত ০৪ জন যুব ও যুব মহিলাদের মাঝে ২,২০,০০০/- টাকার ঋণ প্রদান করা হয়েছে। চলমান ঋণ আদায় শতভাগ তবে, খেলাপী ঋণ আদায়ের জন্য তাগাদা দেওয়া হচ্ছে। দাপ্তরিক অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে। নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের আর কোন গুরুত্বপূর্ণ আলোচ্য বিষয় নেই। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরন পূর্বক যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান এবং ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম অব্যহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার দিঘলিয়া, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলায় ০৩ (তিন) জন ওএমএস ডিলার এর মাধ্যমে ক্যালেন্ডার অনুযায়ী গড়ে ০২ (দুই) টি বিক্রয়কেন্দ্র চালু রয়েছে। লাইনে দাড়িয়ে প্রতি গ্রাহক সর্বচ্চ ৫ (পাঁচ) কেজি চাল ৩০/- টাকা কেজি দরে ক্রয় করতে পারবেন। বিক্রয় কেন্দ্র গুলো হলো ১) উপজেলা চৌরাস্তার মোড় ২। সেনহাটি বাজার ৩। পথেরবাজার | পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | চেয়ারম্যান দিঘলিয়া | চেয়ারম্যান দিঘলিয়া ইউনিয়ন পরিষদ জানান যে, টিসিবির কার্ডের ব্যাপক সমস্যা এক্ষেত্রে ব্যক্তি ঠিক আছে কিনা সেটাই দেখা প্রয়োজন। সিম কার্ড নষ্ট/পরিবর্তন হতেই পারে অথবা কর্মের জন্য বিদেশে চলেগেলে তার পরিবর্তে নতুন ব্যক্তি নির্বাচন করে কার্ড প্রদান করা যেতে পারে। তিনি আরো বলেন বিভিন্ন রাস্তার মৌড়ে অবস্থিত স্ট্রিট লাইট গুলোর ব্যাটারী নষ্ট হয়ে যাওয়ায় সেগুলো বর্তমানে চুরি হয়ে যাচ্ছে। তিনি আরো বলেন এগুলো পুনরায় ইউনিয়নের ১% থেকে মেরামত করার প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে টিসিবির স্মার্ট কার্ড বিতরণের ক্ষেত্রে ব্যক্তি সঠিক থাকলে কার্ড বিতরন করাসহ বিভিন্ন রাস্তার মৌড়ের নষ্ট হয়ে যাওয়া স্ট্রিট লাইটগুলো সরেজমিনে পরিদর্শন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ১৪ | চেয়ারম্যান গাজীরহাট ইউনিয়ন | চেয়ারম্যান গাজীরহাট ইউনিয়ন পরিষদ জানান যে, তার ইউনিয়নের ২নং ওয়ার্ডের মেম্বার চিত্তরঞ্জনরায় মারা যাওয়ার দীর্ঘ দিন হয়ে গেলেও সেখানে পুন:রায় নির্বাচন না হওয়া এবং একই ওয়ার্ডের গ্রাম পুলিশ মারা যাওয়ায় সংশ্লিষ্ট ওয়ার্ডে বিভিন্ন কাজকর্ম করতে অসুবিধা হচ্ছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী নিয়ম নীতি অনুযায়ী ২ নং ওয়ার্ডে নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করাসহ সংশ্লিষ্ট ওয়ার্ডের গ্রাম পুলিশ নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা নির্বাচন অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১৫ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, দিঘলিয়া উপজেলা পরিষদের বিভিন্ন মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের গরীব মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে শিক্ষা উপবৃত্তি ও সম্মাননা স্মারক ক্রেস্ট প্রদানস্বরুপ ০৩ (তিন) বছর মেয়াদে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার FDR সোনালী ব্যাংক, দিঘলিয়া শাখায় রাখা হয়। উক্ত FDR কৃত টাকার মেয়াদ পূর্ণ হওয়ায় তার লভ্যাংশের ২,০৫,৮৬৭/-(দুই লক্ষ পাঁচ হাজার আট শত সাতষট্টি) টাকা উপজেলা নির্বাহী অফিসারের বিবিধ হিসাব নং ৩৬০ তে স্থানান্তর করে লভ্যাংশের টাকা হতে অত্র উপজেলার বিভিন্ন মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের গরীব মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে শিক্ষা উপবৃত্তি ও সম্মাননা স্মারক ক্রেস্ট, সার্টিফিকেট ও আর্থিক সহায়তা প্রদানের বিষয় সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে জেলা পরিষদের নির্মিত যে ডাকবাংলাটি রয়েছে সেটি দীর্ঘ দিনের পুরাতন হওয়ায় বর্তমানে ভবনটি অবস্থা খুবই জরাজীর্ণ এবং পরিত্যাক্ত অবস্থায় রয়েছে। উক্ত ভবনটি দ্রুত কনডেম ঘোষনা করে নীলামের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা এবং | সভায় বিস্তারিত আলোচনান্তে শিক্ষা বৃত্তির FDR কৃত টাকার লভ্যাংশের টাকা শিক্ষা প্রতিষ্ঠানের গরীব মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে সম্মাননা ক্রেষ্ট, ও আর্থিক সহায়তা প্রদানসহ, জেলা পরিষদের জরাজীর্ণ ডাকবাংলাটি নিলামের মাধ্যমে বিক্রয় করে উক্ত স্থানে একটি নতুন ভবন নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার এবং দুইটি নারিকেল গাছ ও দুইটি মেহগুনিগাছ কর্তন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ও উপজেলা বন কর্মকর্তা দিঘলিয়া, খুলনা। |

| |
|---|
| ০৯। মোঃ হাফিজুর রহমান, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের ০৪ মিটারের নভেম্বর/২৪ মাসের বিদ্যুৎ বিল বাবদ=২০, ৫০৭/-<br>১০। জনাব মোঃ রাইছুল ইসলাম, সাঁটমুদ্রাক্ষারিক- কাম- কম্পিউটার অপারেটার, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ডিসেম্বর/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৮৮৬/-<br>১১। জনাব মিজানুর রহমান, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ডিসেম্বর/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৭৫১/-<br>১২। জনাব আব্দুল হাকিম মল্লিক, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ডিসেম্বর/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৩৫১/-<br>১৩। জনাব মোঃ হাফিজুর রহমন, অফিস সহায়ক উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ডিসেম্বর/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৩৫১/-<br>১৪। জনাব বিপুল সরকার, ইলেক্টিশিয়ান, উপজেলা প্রকৌশলী দপ্তর দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলার পরিষদের বিভিন্ন কোয়াটারে সংযোগকৃত পানির লাইন মেরামত কাজের ০৪ বিলের মাধ্যমে উত্তোলন বাবদ=১,০০,০০০/- |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৩.০১.২৫

(আরিফুল ইসলাম)
প্রশাসক
উপজেলা পরিষদ
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫

তারিখ: ২৩.১.২০২৫ খ্রিঃ

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০- ৭০/২

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।
০৪ উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
০৫। উপজেলা ..................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৬। চেয়ারম্যান, ....................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
০৭। জনাব ............................................ সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।
০৮। উপজেলা আই.সি. টি কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা। বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

২৩.০১.২৫

(আরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | উক্ত স্থানে পুনরায় একটি ভবন নির্মাণের জন্য জেলা পরিষদ, খুলনা বরাবর পত্র প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের মেইন প্রবেশ গেটে সম্মুখে একটি নারিকেলগাছ ও একটি মেহগুনি গাছ এবং উপজেলা আনসার ভিডিপি অফিসের সামনে একটি নারিকেল ও একটি মেহগুনি অবস্থিত রয়েছে। এই দুইটি নারিকেল গাছ ও দুইটি মেহগুনি গাছ কর্তনের বিষয়ে উপজেলা বন কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন। | | |
| | | তিনি আরো বলেন উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটারের নিচতলার একটি ফ্লাট বসবাসের অনুপোযোগী হয়ে পড়ায় সেই ফ্লাটটির মেরামত কাজে ০২ টি দরজা, জানালার ফ্রেম ও গ্লাস পরিবর্তন এবং রং করন সহ অন্যান্য আনুসঙ্গিক মেরামত কাজ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে কোয়াটারের মেরামত কাজ সম্পুর্ন করে উক্ত মেরামত কাজের অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | তিনি আরো বলেন মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০২৫ যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষে আনুষঙ্গিক খরচ পরিচালনার জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০,০০০/- টাকা ব্যয় নির্বাহের বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে শহীদ দিবস উদযাপন উপলক্ষে আনুসঙ্গিক খরচ বাবদ ২০,০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল | |

**ডিসেম্বর/ ২০২৪ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ**

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫,০০০/-<br>০৩। জনাব লিয়াকত আলী খান, মালী এর ডিসেম্বর /২০২৪ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৪। জনাব স্বপন কুমার দাস, পরিচ্ছন্ন কর্মী এরডিসেম্বর/২৪ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৫। মোঃ আমির হোসেন, প্রকল্প সভাপতি, ও সদস্য সেনহাটি ইউনিয়ন পরিষদ, এর নামে উপজেলা পরিষদের শহীদ মিনার মেরামত কাজের ব্যায় বিল বাবদ =১,১০,০০০/-<br>০৬। জনাব মোঃ আব্দুল হাকিম মল্লিক অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে মহান বিজয় দিবস/২০২৪ উদযাপন উপলক্ষে বিভিন্ন খরচের বিল বাবদ=৫২,৫০০/-<br>০৭। মোঃ হাফিজুর রহমান, অফিস সহাকয়, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলান এর নামে উপজেলা পরিষদের অফিসে ব্যবহারের জন্য ২০ টি চেয়ার ০৪ টি বিলের মাধ্যাম ক্রয় বাবদ =১,০০,০০০/-<br>০৮। মোছাঃ সালেহা পারভীন অফিস সহায়ক, ইউ এন ও অফিস দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদ চত্বরে সিসি ক্যামেরা সাথাপন ও মেরামত কাজের ০৪ বিলের মাধ্যমে উত্তোলন বাবদ =৯৮,৪২০/- | ৬,৫১,৩৬৬/- |

| | |
|---|---|
| ০৯। মোঃ হাফিজুর রহমান, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলা পরিষদের ০৪ মিটারের নভেম্বর/২৪ মাসের বিদ্যুৎ বিল বাবদ=২০, ৫০৭/-<br>১০। জনাব মোঃ রাইছুল ইসলাম, সাঁটমুদ্রাক্ষারিক- কাম- কম্পিউটার অপারেটার, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ডিসেম্বর/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৮৮৬/-<br>১১। জনাব মিজানুর রহমান, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ডিসেম্বর/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৭৫১/-<br>১২। জনাব আব্দুল হাকিম মল্লিক, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ডিসেম্বর/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৩৫১/-<br>১৩। জনাব মোঃ হাফিজুর রহামন, অফিস সহায়ক উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর ডিসেম্বর/২৪ মাসের সি,পি, এফ এর ১০% অর্থ প্রদান বাবদ=১,৩৫১/-<br>১৪। জনাব বিপুল সরকার, ইলেক্টিশিয়ান, উপজেলা প্রকৌশলী দপ্তর দিঘলিয়া, খুলনা এর নামে উপজেলার পরিষদের বিভিন্ন কোয়াটারে সংযোগকৃত পানির লাইন মেরামত কাজের ০৪ বিলের মাধ্যমে উত্তোলন বাবদ=১,০০,০০০/- | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৩.০১.২৫

(আরিফুল ইসলাম)
প্রশাসক
উপজেলা পরিষদ
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫

তারিখ: ২৩.১.২০২৫ খ্রি:

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০- ৭০/২

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।
০৪ উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
০৫। উপজেলা ..................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৬। চেয়ারম্যান, ......................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
০৭। জনাব ............................................... সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।
০৮। উপজেলা আই.সি. টি কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা। বিষয়টি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

২৩.০১.২৫

(আরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫